

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০১৫.২০.২৫

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১২০৫/২০২০ মামলায় সরকার পক্ষের জবাব (**Affidavit in opposition**) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাপ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১০.০২.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবদুল মালেক, সহকারী সুপার, তোহাখানা নেয়ামাতিয়া আলিম মাদ্রাসা, পিতা: মৃত মনিরুল, গ্রাম: দানিয়ালগাছি, পোস্ট: আরগারা হাট-৬৩২০, উপজেলা: শিবগঞ্জ, জেলা: চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২০৫/২০২০ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে। মামলাটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, তোহাখানা নেয়ামাতিয়া আলিম মাদ্রাসা-এর ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক মাদ্রাসার সহকারী সুপার পদে ২৮.১২.২০১৯ খ্রি: তারিখে জনৈক একরামুল হকের নিয়োগকে চ্যালেঞ্জ করে এবং নিয়োগ প্রক্রিয়াকে তর্কিত অখ্যায়িত করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২০৫/২০২০ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. রুলনিশির আদেশের মাধ্যমে উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির নিয়োগ প্রক্রিয়ার কার্যক্রম ০৩ (তিন) মাসের জন্য স্টে করা হয়েছে।

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১০.০২.২০২০ খ্রি: তারিখে নিম্নরূপ নির্দেশ দেয়া হয়েছে:

“pending hearing of the Rule, let the operation of the appointment letter dated 28.12.2019 (Annexure-Q), be stayed for a period of 03 (three) months from date.”

০৬. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (**Affidavit in opposition**) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২০৫/২০২০ মামলায় সরকার পক্ষে জবাব (**Affidavit in opposition**) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) এ বিষয়ে প্রমাণক মামলা বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্য (প্রমানকসহ) আগামী ২০.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৫-৮-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০১৫.২০.২৫/১(৭)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭
০৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৫-৮-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)